



রপ্তানি উন্নয়ন ব্যুরো
মেলা ও প্রদর্শনী বিভাগ
টিসিবি ভবন ১, কাওরান বাজার
ঢাকা।



তারিখঃ ২৬ শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ
১০ আগস্ট ২০২০ খ্রিষ্টাব্দ

নং-২৬.০২.০০০০.০৩১.৫৮.৫৩৫.২০/১৬৮

বিষয়ঃ 11th Edition of Shanghai Private Label Fair, Shanghai, China শীর্ষক মেলায় অংশগ্রহণ।

আগামী ০৩-০৫ ডিসেম্বর, ২০২০ সময়ে সাংহাই, চীন-এ “11th Edition of Shanghai Private Label Fair” শীর্ষক মেলা অনুষ্ঠিত হবে। মেলাটি চীনের Private Label Speciality Committee (PLSC) of Shanghai Licensing Association-এর উদ্যোগে আয়োজন করা হচ্ছে। Apparel, Home Textiles, Handicraft ও Food Item পণ্য খাতের জন্য আলোচ্য মেলাটি একটি আদর্শ প্লাটফর্ম হিসেবে বিবেচিত হতে পারে। বিস্তারিত তথ্য মেলার website www.en.plfasia.com এ পাওয়া যাবে। উক্ত মেলায় অংশগ্রহণের জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরো প্রাথমিকভাবে বিবেচনায় নিয়েছে।

০২। প্রস্তাবিত মেলায় অংশগ্রহণের লক্ষ্যে আগ্রহী স্বনামধন্য রপ্তানিকারক প্রতিষ্ঠানসমূহ হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। মেলায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন ফিসহ ০৯ বর্গমিটার আয়তনের বুথের মূল্য টাকা ২,৪০,৮০০/- (দুই লক্ষ চল্লিশ হাজার আটশত) মাত্র নির্ধারণ করা হয়েছে। আগ্রহী অংশগ্রহণকারীগণকে ব্যুরোর নির্ধারিত ফরম পূরণপূর্বক আবেদনপত্র পে-অর্ডার সহযোগে আগামী ৩১ আগস্ট-২০২০ ইং তারিখের মধ্যে মেলা ও প্রদর্শনী বিভাগে জমা প্রদানের জন্য অনুরোধ জানানো হলো। আবেদনপত্রের ছক www.epb.gov.bd থেকে ডাউনলোড করা যাবে। আবেদনপত্রের ছকে উল্লেখিত ডকুমেন্টস আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। উল্লেখ্য, প্রতিষ্ঠানের সক্ষমতা অনুযায়ী অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহকে ব্যুরোর কস্ট শেয়ারিং নীতিমালা অনুযায়ী বুথ মূল্যের উপর নিম্নরূপভাবে ভর্তুকি (Subsidy) প্রদান করা হবে।


০১) তৈরী পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ

ক্রমিক নং	রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার)	ক্যাটাগরী	ইপিবি'র দেয় সর্বোচ্চ সহায়তা শতকরা
০১	১০ এর উপরে	'ক'	২০%
০২	০৫-১০	'খ'	৩৫%
০৩	০৫ এর নীচে	'গ'	৪৫%
০৪	প্রারম্ভিক (কোন রপ্তানি নাই)	'ঘ'	৫০%

০২) অন্যান্য খাতের প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ

ক্রমিক নং	রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার)	ক্যাটাগরী	ইপিবি প্রদেয় সর্বোচ্চ সহায়তার শতকরা হার
০১।	রপ্তানিকারক সকল প্রতিষ্ঠানের জন্য	“ক”	৪০%
০২।	প্রারম্ভিক (কোন রপ্তানি নেই)	“খ”	৫০%

০৩। ভিসা ইস্যু সম্পূর্ণই দূতবাসের নিজস্ব বিবেচনা বিধায় কোন কারণে কোন প্রতিনিধি ভিসা প্রাপ্ত না হলে রপ্তানি উন্নয়ন ব্যুরোর উপর দায়দায়িত্ব বর্তাবে না। কোন প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ার পর কোন কারণে মেলায় অংশগ্রহণ না করলে অংশগ্রহণ ফি ফেরতযোগ্য নয়। তবে কোন আবেদনকারী প্রতিষ্ঠানকে মনোনীত করা না হলে তাদের অংশগ্রহণ ফি বাবদ দাখিলকৃত পে-অর্ডার ফেরৎ দেওয়া হবে।


(মুনিরা শারমিন)
সহকারী পরিচালক
মেলা ও প্রদর্শনী বিভাগ

বিতরণ : সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স (৩য় তলা), হাউস- ৭/৭এ, সেক্টর-১৭, ব্লক এইচ-১, উত্তরা, ঢাকা। info@bgmea.com.bd
২. সভাপতি, বিকেএমইএ, প্ল্যানার্স টাওয়ার (১৩তলা), ১৩/এ, সোনারগাঁও রোড, ঢাকা। info@bkmea.com
৩. সভাপতি, বাংলাদেশ টেরী টাওয়ার লিলেন ম্যানুফ্র এন্ড এক্সপোর্টার্স এসোসি়েশন, পল্টন টাওয়ার, ৮৭ পুরানা পল্টন লেন (সাইথ কর্নার), ঢাকা। info@btlmea.com.bd
৪. সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসি়েশন, ইউনিক ফ্রেড সেন্টার (লেভেল-৮), ৮, পাশ্বপথ, কাওরান বাজার, ঢাকা। E-mail: banglacraftbd@gmail.com
৫. সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসি়েশন, ইউনিক ফ্রেড সেন্টার (লেভেল-৮), ৮, পাশ্বপথ, কাওরান বাজার, ঢাকা। E-mail: btmasg@gmail.com
৬. সভাপতি, বাংলাদেশ স্পেশালাইজড টেক্সটাইল মিলস্ এন্ড পাওয়ারলুম ইন্ডাস্ট্রিজ এসোসি়েশন, পল্টন টাওয়ার (৩য় তলা), ৮৭ পুরানা পল্টন, ঢাকা-১০০০।
৭. সভাপতি, বাংলাদেশ এপ্রো প্রসেসর এসোসি়েশন (বাপা), ফ্ল্যাট নং-ডি ৬,৪/১/এ, সোবানবাগ, ধানমন্ডি, ঢাকা। E-mail: info@bapabd.org
৮. জনাব প্রবীর কান্তি দাস, লর্ড ইন কর্পোরেট, ঢাকা। E-mail: lordincorporate@gmail.com
৯. প্রোগ্রামার, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা, (এই নোটিশটি ব্যুরোর ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

- ০১। এপিআরও টু ভাইস চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০২। পি এ টু মহাপরিচালক-১, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা। (মেহা-পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৩। পি এ টু পরিচালক (মেলা), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা, পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য। -